


কালৈৰ কণ্ঠ

আপডেট : ১২ মাৰ্চ, ২০১৯ ২৩:০১

ডাকসু নিৰ্বাচনে অনিয়মের প্রতিবাদে বিক্ষোভ

চৰিতে ছাত্ৰলীগেৰ হামলায় আহত ৭

 চৰিতে ছাত্ৰলীগেৰ হামলায় আহত ৭

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে অনিয়মের প্রতিবাদে বিক্ষোভ মিছিল বের করলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) প্রগতিশীল ছাত্রজোটের মিছিলে হামলা চালিয়েছে ছাত্রলীগ। এ ঘটনায় আহত হয়েছে কমপক্ষে সাতজন। এদিকে ডাকসু নির্বাচনের তফসিল ফের ঘোষণার দাবিতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙামাটি ও ফরিদপুরে বিক্ষোভ করেছে বিভিন্ন ছাত্রসংগঠন। এ ব্যাপারে আমাদের প্রতিনিধিদের পাঠানো খবর :

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : চবিতে প্রগতিশীল ছাত্রজোট বিক্ষোভ মিছিল বের করলে তাদের ওপর দুই দফা হামলা করে ছাত্রলীগ। এতে সাধারণ শিক্ষার্থীসহ সাতজন আহত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সামনে প্রথম দফা হামলা করে ছাত্রলীগের নেতাকর্মীরা। পরে পুলিশ পাহারায় ছাত্রজোটের নেতাকর্মীরা শহরে যাওয়ার সময় ফতেয়াবাদে তাদের ওপর আরেক দফা হামলা হয়।

আহতরা হলেন চবি সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি খন্দকার আবিদ হাসান, সাংগঠনিক সম্পাদক জাহ্নাত মুমু, ছাত্র ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক মাহবুবা জামান রুমী, ছাত্রফ্রন্টের সদস্য মুর্শেদ ওয়াসিফ, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক গৌরচাঁদ ঠাকুর, অর্থনীতি বিভাগের শিক্ষার্থী রাজেশ ও সায়মা আক্তার শিমু।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রক্টর মোহাম্মদ আলী আজগর চৌধুরী বলেন, ‘ছাত্রসংগঠনগুলো কর্মসূচি পালনের আগে প্রক্টর অফিসকে যদি জানিয়ে রাখত তাহলে আমরা প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে রাখতে পারতাম।’

শাবিপ্রবি : ডাকসু নির্বাচনে অনিয়মের প্রতিবাদে এবং নির্বাচনের তফসিল পুনরায় ঘোষণার দাবি জানিয়ে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও জাতীয় ছাত্রদল যৌথ উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

রাঙামাটি : ডাকসু নির্বাচন প্রত্যাখ্যান করে ফের তফসিল ঘোষণার দাবিতে রাঙামাটিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে প্রগতিশীল ছাত্রজোট। গতকাল সকালে রাঙামাটি জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সমাবেশ থেকে এই দাবি জানান ছাত্রজোটের নেতারা। এর আগে শহরের বনরূপা কাটাপাহাড় লেন থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে জোটের নেতাকর্মীরা।

ফরিদপুর : ডাকসু নির্বাচন বাতিল এবং পুনরায় তফসিল ঘোষণার দাবিতে ফরিদপুরে জেলা ছাত্র ইউনিয়নের উদ্যোগে সমাবেশ হয়েছে। গতকাল বিকেলে প্রেস ক্লাবের সামনে এই সমাবেশে সভাপতিত্ব করেন জেলা ছাত্র ইউনিয়নের সভাপতি মাসুদ শেখ।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com